

## আল-ফাজর | Al-Fajr | الْفَجْرُ

আয়াতঃ ৮৯ : ১৪

আরবি মূল আয়াত:

إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ﴿١٤﴾

অনুবাদসমূহ:

নিশ্চয় তোমার রব ঘাঁটিতেই।\* — আল-বায়ান

তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখছেন (যেমন ঘাঁটিতে শত্রুর প্রতি দৃষ্টি রাখা হয়)। — তাইসিরুল

নিশ্চয়ই তোমার রব সবই দেখেন ও সময়ের প্রতীক্ষায় থাকেন। — মুজিবুর রহমান

Indeed, your Lord is in observation. — Sahih International

\*مرصاد অর্থ ঘাঁটি, যেখানে কোন লোক তার শত্রুর অজান্তে তার অপেক্ষায় ওঁত পেতে থাকে এবং শত্রুকে বাগে পেয়েই আক্রমণ করে।  
এখানে আল্লাহর ক্ষেত্রে শব্দটি সতর্ক দৃষ্টি রাখা, অর্থে ব্যবহৃত হয়েছে।

১৪. নিশ্চয় আপনার রব সতর্ক দৃষ্টি রাখেন।(১)

(১) এ সূরায় পাঁচটি বস্তুর শপথ করে (إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ) আয়াতে বর্ণিত বিষয়বস্তুকে জোরদার করা হয়েছে।  
অর্থাৎ এ দুনিয়াতে তোমরা যাকিছু করছ, তার শাস্তি ও প্রতিদান অপরিহার্য ও নিশ্চিত। তোমাদের পালনকর্তা  
তোমাদের যাবতীয় কাজকর্ম ও গতিবিধির প্রতি সতর্ক দৃষ্টি রাখছেন এবং সবাইকে প্রতিদান ও শাস্তি দেবেন।  
[ইবন কাসীর; ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

১৪। নিশ্চয় তোমার প্রতিপালক সময়ের প্রতীক্ষায় থেকে সতর্ক দৃষ্টি রাখেন। [1]

[1] অর্থাৎ, সমস্ত সৃষ্টির কর্মাকর্ম তিনি পরিদর্শন করছেন এবং সেই অনুযায়ী তিনি ইহ-পরকালে প্রতিফল দেবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6007>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন